

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী  
আইসিটি শাখা

জেলা ইনোভেশন টিমের নভেম্বর ২০২২ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি	জয়া মারীয়া পেরেরা অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
সভার তারিখ	২০ নভেম্বর ২০২২
সভার সময়	বেলা ১২.৩০ মিনিট
স্থান	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) ঐর অফিস কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট ক

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজশাহী এবং সভাপতি জেলা ইনোভেশন টিম কর্তৃক সভার কাজ শুরু করা হয়। সভার শুরুতে সদস্যদের পরিচয় গ্রহণ করা হয়। পরিচয় পর্ব শেষে সভাপতি গত ১৫-১৬ নভেম্বর ২০২২ তারিখ ০২ দিনব্যাপি রাজশাহী কলেজিয়েট স্কুল মাঠে জেলা প্রশাসনের আয়োজনে ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০২২ তে সকল প্রতিষ্ঠানের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সহকারী কমিশনার, আইসিটি কর্তৃক জেলার ইনোভেশন কার্যক্রম বিষয়ে নিম্নরূপ আলোচনা করা হয় এবং আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রম	আলোচনার বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	জেলা ও উপজেলার বিভিন্ন দপ্তর হতে ইনোভেশন প্রস্তাব গ্রহণ	সভাপতি সভার সদস্যদের পূর্বের ন্যায় অবহিত করেন যে, বিভিন্ন দপ্তর তাদের কার্যক্রমকে সহজ করার লক্ষ্যে প্রতিনিয়ত নতুন নতুন উদ্ভাবন করে চলেছে। প্রতিমাসের উন্নয়ন সমন্বয় সভায় আগত জেলা ও উপজেলার সকল দপ্তরকে তাদের নিজ নিজ দপ্তরের উদ্ভাবন সম্পর্কিত তথ্য এ দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়ে থাকে।	উন্নয়ন সমন্বয় সভায় আগত জেলা ও উপজেলার সকল দপ্তরকে তাদের গৃহীত উদ্ভাবনী কার্যক্রম এ কার্যালয়কে অবহিতকরণের কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।	জেলা ইনোভেশন টিম, রাজশাহী
২.	আঞ্চলিক কৃষি তথ্য সার্ভিস	আঞ্চলিক কৃষি তথ্য অফিসার বলেন যে, কৃষি তথ্য সহজলভ্য ও দ্রুত করতে ব্যবহৃত হচ্ছে বিভিন্ন ধরনের অ্যাপস, যেমন: কৃষকের জানালা, কৃষকের ডিজিটাল ঠিকানা, বালাইনাশক নির্দেশিকা, কৃষিকথা ইত্যাদি। এছাড়া সরকারী কৃষি কল সেন্টার (16123), ওয়েব সাইট, ফেসবুক (ais rajshahi rajshahi এবং কৃষি তথ্য সার্ভিস রাজশাহী ঠিকানায়), ইউটিউব এসব। অতি সম্প্রতি কৃষকভাইদের সুবিধার্থে রাজশাহীতে একটি কমিউনিটি রেডিও স্থাপন করা হবে, ইতিমধ্যে এজন্য ঠিকাদার প্রতিষ্ঠান হতে সাইট ভিজিট করা হয়েছে। এছাড়া সদর দপ্তরে একটি 'কৃষক টেলিভিশন' নামে একটি স্বতন্ত্র টেলিভিশন চ্যানেল-এর কার্যক্রম শুরু করার ব্যবস্থা করা হচ্ছে। টেলিভিশনটি বাংলাদেশের গর্ব বজাবন্ধু স্যাটেলাইটের মাধ্যমে পরিচালিত হবে। আঞ্চলিক পর্যায়েও রেকডিং এবং অনুষ্ঠান ধারণের জন্য মিনি স্টুডিও হওয়ার প্রস্তাবনা রয়েছে। ফলে কৃষি কার্যক্রম আরও বেগবান হবে।	ইনোভেটিভ কার্যক্রম চলমান রাখতে সংশ্লিষ্ট দপ্তরকে অনুরোধ জানানো হয়।	আঞ্চলিক কৃষি তথ্য অফিসার, কৃষি তথ্য সার্ভিস, রাজশাহী

৩.	জেলা শিক্ষা অফিস	জেলা শিক্ষা অফিসের প্রতিনিধি বলেন যে, জেলা শিক্ষা অফিসের নিজস্ব কোনো ইনোভেশন না থাকলেও জেলা শিক্ষা অফিসারসহ দপ্তরের অন্যান্য কর্মকর্তা যখন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে তাদের পরিদর্শন কার্যক্রম পরিচালনা করেন তখন ইনোভেশন বিষয়ে সেখানে আলোচনা করা হয়।	জেলা শিক্ষা অফিসের গৃহীত কার্যক্রম নিয়ে সভায় সন্তোষ প্রকাশ করা হয়। অন্যান্য দপ্তরকেও এরূপ পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়।	জেলা ইনোভেশন টিম, রাজশাহী
৪.	বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, বিটিসিএল, রাজশাহী সরকারি কলেজ	দপ্তরগুলো হতে আগত প্রতিনিধিগণ জানান, তাদের দপ্তরের বিভিন্ন সভা, প্রশিক্ষণ কর্মসূচিতে ইনোভেশনের গুরুত্ব নিয়ে আলোচনা করা হয়ে থাকে এবং কোনো দপ্তরের যদি কোনো ইনোভেশন থেকে থাকে তবে তা জেলা প্রশাসক মহোদয়কে অবহিত করার জন্যও অনুরোধ করা হয়ে থাকে।	দপ্তরগুলোর গৃহীত কার্যক্রম নিয়ে সভায় সন্তোষ প্রকাশ করা হয়।	জেলা ইনোভেশন টিম, রাজশাহী



জয়া মারীয়া পেরেরা

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)


স্মারক নম্বর: ০৫.৪৩.৮১০০.০৩৪.০১.০২২.১৯.৫১

তারিখ: ১৪ অগ্রহায়ণ ১৪২৯

২৯ নভেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) রাজশাহী জেলা ইনোভেশন টিম



মুমতাহিনা কবির

সহকারী কমিশনার